গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
http://paikgasa.khulna.gov.bd

## জুন ২০২২ মাসের পাইকগাছা উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।
তারিখ : ২৭ জুন ২০২২ খ্রি.
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

উপস্থিতি: পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। অত:পর এজেন্ডা ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১. শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ইউডিসি পরিদর্শন/দর্শন সংক্রান্ত

| ক্রম | পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম | ইউ এন ও কর্তৃক পরিদর্শন | ইউ এন ও কর্তৃক দর্শন | মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক পরিদর্শন | সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন |
|---|---|---|---|---|---|
| ০১ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | ০১ | ০২ | ০২ | ০৩ |
| ০২ | ইউডিসি | ০১ | ০১ | - | ০১ |

২. ইউডিসির আয় ও সেবার তথ্য:

| ক্রম | উপজেলার নাম | মাসের নাম | আয়ের তথ্য | সেবার তথ্য |
|---|---|---|---|---|
| ০১ | পাইকগাছা | জুন-২০২২ | ৯৫৭৫০ | ১৮৫৭ |

৩. সভার আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালের উন্নয়ন। | (ক) উপজেলা এবং বিভাগীয় ওয়েব পোর্টালের সকল তথ্য হালনাগাদ করতে হবে। বাংলার পাশাপাশি সকল তথ্য ইংরেজিতে হালনাগাদ করতে হবে।<br>(খ) পোর্টালটি দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে।<br>(গ) বিভিন্ন বিভাগীয় দপ্তরের পোর্টাল পর্যালোচনা করে দেখে যায় যে, নোটিশ ও খবর নিয়মিত আপলোড করেন না। নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে।<br>(ঘ) মুক্তপাঠে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ সকল কর্মকর্তাকে আবশ্যিক ভাবে সম্পন্ন করে সার্টিফিকেট unopaikgacha@gmail.com প্রেরণ নিশ্চিত করতে হবে | সকল বিভাগীয় অফিসার। |
| ০২ | ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহের উন্নয়ন। | (ক) ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। কিছু কিছু ইউনিয়নে জনপ্রতিনিধিদের তালিকাসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ নাই দ্রুত হালনাগাদ করার জন্য বলা হল। বিভিন্ন ইউনিয়ন পোর্টাল পর্যালোচনা করে দেখে যায় যে, নোটিশ ও খবর নিয়মিত আপলোড করেন না। নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে। | (ক) ইউপি সচিব (সকল)।<br>(খ) হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>(গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৩ | ইউডিসি থেকে জমির পর্চা ও ভূমি উন্নয়ন কর প্রদান | পাইকগাছা উপজেলার ১০টি ইউনিয়নের মধ্যে বর্তমানে অল্প কয়েকটি UDC'র মাধ্যমে জেলা রেকর্ড রুম হতে পর্চা সরবরাহ করা হচ্ছে যা সন্তোষজনক না হওয়ায় জনগণ | (ক) সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা,খুলনা। |

| | | | |
|---|---|---|---|
| | | দ্রুত সেবা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। সকল UDC'র মাধ্যমে পর্চা সরবরাহ করা গেলে একদিকে যেমন জনগণনকে দ্রুত ও হয়রানিমুক্ত সেবা দেয়া যাবে তেমনি UDC'র উদ্যোক্তাদের আয় বৃদ্ধি পাবে। সকল ইউডিসি থেকে জমির পর্চা , ভুমি উন্নয়ন কর, হোল্ডিং ট্যাক্স ও ই-নামজারির আবেদন করার ব্যবস্থা গ্রহন করতে হবে। | (খ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৪ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত | (ক) ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত আয় ও সেবার তথ্য একসেবা মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন।<br>(খ) ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে। | ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৫ | শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিলিটাল ল্যাব অধিকতর সক্রিয়করণ। | আইসিটি অধিদপ্তর কর্তৃক পাইকগাছা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এই ল্যাবগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। ল্যাবগুলিতে ব্যাচ করে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ প্রদানের প্রতিবেদন প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের (স্টক, মাল্টিমিডিয়া ক্লাসরুম, ছাত্র/ছাত্রী ব্যবহারকারী ও শিক্ষকবৃন্দদের ল্যাব ব্যবহার) রেজিষ্টার হালনাগাদ রাখতে হবে। প্রতি পনের দিন পর পর ল্যাব ব্যবহারকারীর তথ্য (ছাত্র-ছাত্রী, শিক্ষক, দিনে কত ঘন্টা ল্যাব ব্যবহার) উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | (ক) অধ্যক্ষ, পাইকগাছা সরকারি কলেজ।<br>(খ) অধ্যক্ষ, ফসিয়ার রহমান মহিলা কলেজ।<br>(গ) প্রধান শিক্ষক, শহীদ কামরুল মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়<br>(ঘ) কপিলমুনি মেহেরুননেসা বালিকা মাধ্যমিকবিদ্যালয়<br>(ঙ) কপিলমুনি জাফর আউলিয়া ফাজিল মাদ্রাসা |
| ০৬ | শিক্ষা প্রতিষ্ঠানে নতুন শেখ রাসেল ডিজিটাল ল্যাব অনুমোদন ও ল্যাব রেনোভেশন সংক্রান্ত | পাইকগাছা উপজেলায় নতুন ০৭ টি প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব অনুমোদন প্রাপ্ত হয়েছে এবং একটি প্রতিষ্ঠানে স্কুল অফ ফিউচার এর জন্য অনুমোদন প্রাপ্ত হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | ক) সহকারী প্রোগ্রামার<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>গ) প্রতিষ্ঠান প্রধান (শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত) |
| ০৭ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | পাইকগাছা উপজেলায় ৪৬ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ায় প্রতিটি স্কুল/কলেজে মাল্টিমিডিয়া ক্লাস নেওয়ার ব্যবস্থা করতে হবে। | (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৮ | ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য যে সকল দপ্তরে ই-নথি লাইভে আছে সে সকল দপ্তরে নথি কার্যক্রম বেগবান করতে হবে। | (ক) উপজেলা নির্বাহী অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার।<br>(গ) সংশ্লিষ্ট অফিস প্রধান। |
| ০৯ | ইনফো সরকার ফেজ-৩ সংক্রান্ত | পাইকগাছা উপজেলাধীন দশটি ইউনিয়নের মধ্যে নয়টি ইউনিয়নে ইনফো সরকার ফেজ-৩ বাস্তবায়ন করা হয়েছে। এবং ১ টিতে কাজ কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন হচ্ছে। | ইনফো সরকার ফেজ-৩ এর বাস্তবায়ন কর্তৃপক্ষ |
| ১০ | ইনফো সরকার ফেজ-২ সংক্রান্ত | ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে উপজেলার যে সকল অফিসে ইন্টারনেট ক্যানেকটিভিটি রয়েছে তাদেরকে ইন্টারনেট সংক্রান্ত সমস্যা হলে সামিট গ্রুপের প্রতিনিধি জনাব জয় বাগচী, মোবাইল নং০১৭০৯-৮৪২৯২১ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | জনাব জয় বাগচী সামিট গ্রুপের প্রতিনিধি |
| ১১ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | ই-মেইল এর ব্যবহার নিশ্চিত করণের বিষয়ে সবসময় দৃষ্টি রাখার জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো হয়েছে এবং সকল বিভাগ/সংস্থার তথ্য আদান প্রদানে | (ক)সকল বিভাগীয় অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | | সরকারি ই-মেইলের মাধ্যমে যোগাযোগ বাস্তাবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | |
| ১২ | সকল প্রকার টেন্ডার নোটিশ উপজেলা তথ্য বাতায়নে হালনাগাদের নিমিত্ত প্রেরণ সংক্রান্ত | সকল প্রকার টেন্ডার নোটিশ নিজ পোর্টালে আপলোড করতে হবে এবং উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের নিমিত্ত এক কপি প্রেরণসহ পিডিএফ কপি unopaikgacha@mopa.gov.bd মেইলযোগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক)সকল বিভাগীয় অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার-আইসিটি অধিদপ্তর। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
http://paikgasa.khulna.gov.bd

স্মারকনং- ০৫.৪৪.৪৭৬৪.০০১.৭৫.০০১.২০২১- ৫৩০ তারিখঃ ০৭.০৭.২০২২ খ্রি.

বিতরণঃ সদয় জ্ঞাতার্থ/ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। জেলা প্রশাসক, খুলনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৪। চেয়ারম্যান, পাইকগাছা উপজেলা পরিষদ।
৫। সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, খুলনা।
৬। উপজেলা ........................ কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার........................................ পাইকগাছা, খুলনা।
৮। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), পাইকগাছা, খুলনা।
৯। উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পাইকগাছা, খুলনা।

উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।
ফোন-০২৭৪৭৭৭৩১৬০৬